Department of Education
Chancellor Richard A. Carranza

জুন 2019

# শৃঙ্খলা বিধির পরিবর্তনগুলির উপরিচিত্র
# K-5 এবং 6-12 গ্রেডের জন্য

সকল শিক্ষার্থী এবং কর্মীদের জন্য আমাদের স্কুলগুলিতে যাতে সুরক্ষিত, নিরাপদ, এবং সহায়ক শিক্ষণ পরিবেশ বজায় থাকে সে বিষয়টি নিশ্চিত করতে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) প্রতিশ্রুতিবদ্ধ। স্কুল কমিউনিটির সকল সদস্য – শিক্ষক, শিক্ষার্থী, প্রশাসক, পিতামাতা, কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, সুরক্ষা কর্মী, সম্পর্কিত পরিষেবা প্রদানকারী, ক্যাফেটেরিয়া, কাস্টোডিয়াল, এবং বাস কর্মীগণের – একে অপরকে পারস্পরিক মর্যাদার সাথে আচার-আচরণ করার একটি যৌথ দায়িত্ব রয়েছে।

এই ডক্যুমেন্টটির লক্ষ্য K-5 এবং 6-12 গ্রেডের শিক্ষার্থীদের শৃঙ্খলা বিধিসমূহে প্রস্তাবিত পরিবর্তনের একটি উপরিচিত্র প্রদান করা। এই পরিবর্তনগুলির মধ্যে আছে অব্যাহত মতামতের প্রতিফলন যা NYCDOE 2018-19 স্কুল বছরে পেয়েছে। এই সামারে, NYCDOE প্রস্তাবিত পরিবর্তনের উপর বাড়তি মতামত সংগ্রহে শিক্ষার্থী, কর্মী, এবং কমিউনিটি সদস্যদের সংশ্লিষ্ট রাখা অব্যাহত রাখবে। আরও বিস্তারিত প্রস্তাবিত সম্পাদনা আগামী সপ্তাহগুলিতে পোস্ট করা হবে।

NYCDOE সুরক্ষিত এবং সহায়ক স্কুল কমিউনিটির উপর জোর দেয়, কারণ যখন সাসপেনশনের উপর নির্ভর না করে শিক্ষার্থীদের ক্লাসরুমে রাখি, তখন তারা অ্যাকাডেমিকভাবে অধিক সফল হয়। বর্তমান শৃঙ্খলা বিধিতে, একজন সুপারিনটেনডেন্টের সাসপেনশনের ফলে কোন K-5 গ্রেডের শিক্ষার্থীকে তার স্কুল থেকে এক বছর পর্যন্ত সময়ের জন্য অপসারিত করে অন্য একটি বিকল্প প্রতিষ্ঠানের সাইটে অথবা 6-12 গ্রেডের শিক্ষার্থীকে বিকল্প শিক্ষণ সেন্টারে (অল্টার্নেটিভ লার্নিং সেন্টার ALC) হতে পারে, যা নির্ভর করে শিক্ষার্থীর বয়স এবং আচরণের ধরনের উপর। 2017-18 স্কুল বছরে, সুপারিনটেনডেন্টের সাসপেনশনের গড় সময় ছিলো 18.7 স্কুল দিবস। তথাপি, গবেষণা থেকে দেখা যায় না যে, সাসপেনশনের দীর্ঘতার ফলে আচরণে পরবর্তীতে ইতিবাচক পরিবর্তনের কোন জোড়ালো সম্পর্ক আছে। যখন বিকল্প শিক্ষা প্রতিষ্ঠানের সাইট এবং ALC-সমূহ একটি পূর্ণ অ্যাকাডেমিক প্রোগ্রামের সময়সূচি প্রদান করে, তখন শিক্ষানির্দেশনা অব্যাহত রাখায় এক ধরনের ব্যাঘাত ঘটে কেননা শিক্ষার্থীদেরকে তাদের নিয়মিত স্কুল থেকে ভিন্ন একটি স্থানে যোগদান আবশ্যিক হয়। এই পরিবর্তনগুলি অতপর শিক্ষার্থীদের তাদের ক্লাসরুমে রাখার উপর গুরুত্ব আরোপ করবে এবং সাসপেনশনের কারণে ব্যাঘাতপূর্ণ শিক্ষার অবস্থা নিরসন করবে।

এই পরিবর্তনের মধ্য দিয়ে শিক্ষকগণ এবং স্কুল কমিউনিটিসমূহ সহায়তা লাভ করবে। NYCDOE ন্যাশনাল ইউনিভার্সিটি সিস্টেমের স্যানফোর্ড হারমনি প্রোগ্রামের সাথে অংশীদারত্বে সকল এলিমেন্টারি স্কুলকে সামাজিক-মানসিক শিক্ষণে (সোশ্যাল-ইমোশনাল লার্নিং - SEL) পাঠ্যক্রমে প্রবেশাধিকার দেয়। এছাড়া, আমরা শিক্ষার্থীদেরকে তাদের আবেগ, দ্বন্দ্ব মোকাবেলা, এবং সম্পর্ক মেরামতের নাম সরাবরাহে প্রয়োজনীয় বিভিন্ন উপকরণ দিয়ে সকল মিডল্ এবং হাই স্কুলে ধাপে ধাপে রেস্টোরেটিভ জাস্টিস (RJ) অনুশীলনীসমূহ চালু করবো। শিক্ষক এবং স্কুল নেতৃত্ব এটি নিশ্চিত করতে প্রচুর সহায়তা পাবে যাতে শৃঙ্খলাজনিত যেসব ব্যবস্থা গ্রহণ করা হয় সেগুলি যেন শিক্ষার্থী আচরণ মোকাবেলায় এতটা ন্যায় এবং সামঞ্জস্যপূর্ণ হয় যা শিক্ষার্থীকে তার ভুল থেকে শিক্ষা লাভে সক্ষম করে এবং তার কাজের জন্য তাকে দায়বদ্ধ রাখে।

**প্রস্তাবিত পরিবর্তনের সারাংশ**

প্রস্তাবিত পরিবর্তনসমূহ হবে:

1. শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ, সহায়তা, এবং হস্তক্ষেপের জন্য আরও বিকল্প প্রদান করে।

    a. রেস্টোরেটিভ প্র্যাকটিসের একটি ধরন হিসেবে রি-এন্ট্রিকে অন্তর্ভুক্ত করে। রি-এন্ট্রি সার্কেল একটি প্রক্রিয়া যা স্কুল কমিউনিটিতে ফিরে আসা শিক্ষার্থীকে প্রাতিষ্ঠানিকভাবে আমন্ত্রণ করা এবং একটি সহায়ক সিস্টেম প্রতিষ্ঠার জন্য ডিজাইন করা হয়েছে।
    b. ইন্ডিভিজ্যুয়ালাইজড্ সাপোর্ট প্ল্যান (ISP) যোগ করে, যা একটি হস্তক্ষেপ ব্যবস্থা – যেটি অসদাচারণের ব্যবহার করা যেতে পারে, এর মধ্যে আছে বুলিইং, হয়রানি, এবং ভীতি প্রদর্শন।
    c. কিছু বিচ্যুত আচরণের বিধির জন্য কম গুরুতর শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণের পরিধি সম্প্রসারিত করে।

2. সাসপেনশনের কারণে অ্যাকাডেমিক শিক্ষানির্দেশনায় ব্যাঘাত কমানো। সুপারিনটেনডেন্টের সাসপেনশনের ফলশ্রুতিতে দীর্ঘ সময়ের জন্য শিক্ষার্থীদেরকে তাদের স্কুল থেকে অপসারণ অথবা প্রিন্সিপ্যালের সাসপেনশনসমূহ তাদের শিক্ষায় ব্যাঘাত সৃষ্টি করে।

    শৃঙ্খলা বিধির জন্য আবশ্যিক শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ যাতে প্রতিফলিত হয় স্কুলসমূহের চাহিদা, আচরণগত প্রত্যাশার জন্য শিক্ষার্থীদেরকে দায়বদ্ধ রাখা, শিক্ষানির্দেশনায় ব্যাঘাত কমানো, এবং সুরক্ষিত পরিবেশ বজায় রাখতে স্কুল কর্মীদের সহায়তা প্রদান। অতএব, একজন সুপারিনটেনডেন্টের সাসপেনশন 20 স্কুল দিবসের অধিক হবে না, এর ব্যতিক্রম ঐসব ক্ষেত্রে যেখানে গুরুতর অথবা সহিংস ঘটনা সংশ্লিষ্ট, অথবা ঐসব ঘটনা যেগুলিতে আইনে আবশ্যিকতা রয়েছে।

    সম্প্রসারিত সাসপেনশন ন্যায়ভাবে দেয়া হয়েছে সেবিষয়টি নিশ্চিত করতে, 20 স্কুল দিবসের অধিক যেকোন সাসপেনশনের জন্য সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অভ দ্যা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট অথবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত অন্য ব্যক্তির অনুমোদন আবশ্যিক।

3. শৃঙ্খলা বিধির সাথে NYCDOE-র নীতির সমন্বয় সাধন করে। শিক্ষার্থীদেরকে তাদের লৈঙ্গিক পরিচয়ের সাথে মানানসই রাখে এমন নাম ও প্রোনাউন দ্বারা পরিচিত হবার অধিকার এবং তাদের লৈঙ্গিক পরিচয় অনুযায়ী বাথরুম ও লকার রুম ব্যবহার অন্তর্ভুক্ত করতে বিল অভ স্টুডেন্ট রাইটস্ অ্যান্ড রেসপনসিবিলিটিজ সংশোধন করে।

4. বুলিইংয়ের তথ্য হালনাগাদ করে।

    a. বিধি স্পষ্ট করবে যে, বুলিইং বোঝায় এমনটি প্রতিষ্ঠা করতে একই আচরণ বার বার করার প্রয়োজন নেই।
    b. পিতামাতাগণ এবং শিক্ষার্থীরা কীভাবে বুলিইং আচরণ রিপোর্ট করতে পারে সেসম্পর্কিত বাড়তি তথ্য অন্তর্ভুক্ত করে।

5. অন্য গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি আনে।
    সুরক্ষিত এবং সহায়ক স্কুলের জন্য যেহেতু শিক্ষার্থীর মর্যাদা, শ্রদ্ধাবোধ, এবং দায়বদ্ধতা অবিচ্ছেদ্য অংশ তাই:

    a. পূর্ণ শিশুর চাহিদা পূরণের লক্ষ্য অন্তর্ভুক্ত করতে উদ্দেশ্য বিবৃতি সংশোধন করে।
    b. শৃঙ্খলা বিধির শেষ অবস্থান থেকে বিল অভ স্টুডেন্ট রাইটস্ অ্যান্ড রেসপনসিবিলিটিজকে সরিয়ে এর আগের সেকশনে তার বর্তমান অবস্থানে আনে।